

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০১৯.২০১৩.১৪২

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭  
৩ মার্চ ২০২১

বিষয়: গাজীপুর সিটি কর্পোরেশনের ৫৬নং ওয়ার্ডভুক্ত হাফিজ উদ্দিন ব্যাপারী রোড এর সংস্কারে জনদুর্ভোগ নিরসনে উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (ক) জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর আবেদন, তারিখ: ২৭ ডিসেম্বর ২০২০;  
(খ) স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর ৪৬.০০.০০০০.০৭১.১৮.০১৯.২০১৩.২৭, তারিখ: ১১/০১/২১;  
(গ) জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর আবেদন, তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ 'ক' স্মারকে প্রাপ্ত জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর ২৭ ডিসেম্বর ২০২০ তারিখের আবেদনটির বিষয়ে বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়নি এবং এ বিষয়ে কোন মতামত পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর আবেদনটির বিষয়ে বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

সংযুক্তি: সূত্রস্থ পত্র।

মোহাম্মদ জহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫৫৪৬৫৮

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা

গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে:

১. জনাব খালেদ মাহমুদ, ব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বেপজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

*[Handwritten signature]*  
২০/২/২০

তারিখ: ফেব্রুয়ারী ০৭, ২০২১ খ্রি:।

স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পাস)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা
ডায়েরি নম্বর:.....	স্বাক্ষর
তারিখ: ০৭/০২/২১	

সিনিয়র সচিব  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষন: নুমেরী জামান, উপসচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

বিষয়: **গাজীপুর সিটি কর্পোরেশনস্থ ৫৬নং ওয়ার্ডভুক্ত হাফিজ উদ্দিন ব্যাপারী রোড এর সংস্কার কাজের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ এবং জনদূর্ভোগ নিরসনে পুনরায় পত্র প্রেরণ প্রসঙ্গে।**

মন্ত্রণালয়ের পত্র সূত্র নং: ৮৬.০০.০০০০.০৭১.১৮.০১৯.২০১৩-২৭, তারিখ: ১১ জানুয়ারী ২০২১।

শ্রদ্ধেয় মহোদয়

উর্পযুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ডিসেম্বর ২৭, ২০২০ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আপনার দপ্তর বরাবর একটি পত্র প্রেরণ করি (০৬টি ছবি সম্বলিত)। পত্রের প্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশনস্থ প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর বিধি মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করা হলেও অদ্যাবধি কাজটি সম্পন্নকরনে বিশেষ কোন অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না। তদুপরি ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক গত ফেব্রুয়ারী ২, ২০২১ তারিখে সমুদয় সাটারিং মালামাল ট্রাক মারফত নিয়ে যেতে চাইলে এলাকাবাসী উহা প্রতিহত করে।

মহোদয়, আপনার সদয় অবগতির জন্য বিনয়ের সাথে উল্লেখ করছি যে, রাস্তাটির সংস্কার কাজে ০১ বছরের অধিককাল যাবৎ জনদূর্ভোগ তৈরী করায় এলাকা বাসির মধ্যে জনরোষ তৈরী হচ্ছে। তদুপরি মন্ত্রণালয়ের নির্দেশনাও যদি ঠিকাদার কর্তৃক উপেক্ষিত হয়, তবে উহা প্রশাসনিক দুর্বলতার পরিচায়ক হবে। যা কোন ভাবেই কাম্য নয়।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট আকুল আবেদন **গাজীপুর সিটি কর্পোরেশনস্থ ৫৬ নং ওয়ার্ডভুক্ত হাফিজ উদ্দিন ব্যাপারী রোড**টির সংস্কার কাজ দ্রুততার সাথে সম্পন্নকরনের লক্ষ্যে আপনার সুদৃষ্টি একান্তভাবে কামনা করছি।

বিনীত নিবেদক,

*[Handwritten signature]*  
০৭.০২.২০২১

(খালেদ মাহমুদ)  
ব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন)  
বেপজা (প্রধান মন্ত্রীর কার্যালয়)  
মোবাইল: ০১৭৩৬৬৫৫৫৫৬

৪৬০ তারিখ: ০৭/০২/২০

✓

২১.০২.২১

নম্বর নং:.....তারিখ: ০৭/০২/২১

১। যুগ্ম-সচিব (ন:উ-১)

২। যুগ্ম-সচিব (ন:উ-২)

৩। উপ-সচিব (সি:ক:১/২)

৪। উপ-সচিব (পৌর-১/২)

অতিরিক্ত সচিব (ন:উ-১)

স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা

০৭/০২/২১

তারিখ: ০৭/০২/২১